# “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একদা আমি হাঁটছি , হঠাৎ আসমান হতে একটি শব্দ শুনতে পেয়ে আমার দৃষ্টিকে উপরে তুললাম। দেখলাম , সেই ফেরেশতা, যিনি হেরা গুহায় আমার নিকট এসেছিলেন ,

আবু সালামাহ ইবনু আব্দুর রহমান বর্ণনা করেন যে , জাবির ইবনু ‘আব্দুল্লাহ্ আনসারী রাদিয়াল্লাহু আনহুমা ওয়াহী স্থগিত হওয়া প্রসঙ্গে বর্ণনার এক পর্যায়ে বলেন : “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একদা আমি হাঁটছি , হঠাৎ আসমান হতে একটি শব্দ শুনতে পেয়ে আমার দৃষ্টিকে উপরে তুললাম। দেখলাম, সেই ফেরেশতা, যিনি হেরা গুহায় আমার নিকট এসেছিলেন, আসমান ও যমীনের মাঝে একটি আসনে উপবিষ্ট। এতে আমি শংকিত হলাম। অবিলম্বে আমি ফিরে এসে বললাম, ‘আমাকে চাদর দ্বারা আবৃত কর, আমাকে চাদর দ্বারা আবৃত কর। ’ অতঃপর আল্লাহ্ তা ‘আলা অবতীর্ণ করলেন, {{يَا أَيُّهَا الْمُدَّثِّرُ 1 قُمْ فَأَنْذِرْ} [المدثر: 2] إِلَى قَوْلِهِ {وَالرُّجْزَ فَاهْجُرْ} [المدثر: 5]]. ‘‘হে বস্ত্রাবৃত রাসূল ! উঠুন , সতর্ক করুন ”; হতে “এবং অপবিত্রতা থেকে দূরে থাকুন। ’’ (মুদ্দাস্‌সির ৭৪ :১-৫) পর্যন্ত। অতঃপর ওয়াহী পুরোদমে ধারাবাহিক অবতীর্ণ হতে লাগল।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম ]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন প্রথম নবুয়তের সময় ওহী বন্ধ হয়ে যাওয়ার কথা বলছিলেন, তখন তিনি বললেন: আমি মক্কার গলিগুলো দিয়ে হেঁটে যাচ্ছিলাম , তখন আমি আকাশ থেকে একটি আওয়াজ শুনলাম। আমি চোখ উঁচু করলাম, তখন দেখতে পেলাম ফেরেশতা জিব্রাইল , যিনি আমার নিকট হিরা গুহায় এসেছিলেন , আকাশ ও পৃথিবীর মাঝখানে একটি সিংহাসনে বসে আছেন। আমি তার কারণে ভীত ও আতঙ্কিত হয়ে পড়লাম, তারপর বাড়ি ফিরে গিয়ে আমার পরিবারকে বললাম: আমাকে কাপড়ে ঢেকে রাখো। অতঃপর আল্লাহ তাআলা নাযিল করলেন: {يَـــا أَيُّهَـــا المُـــدَّثِّرُ} “হে বস্ত্রাবৃত ”! কাপড়ে মোড়ানো , দাওয়াত নিয়ে দাঁড়াও এবং যে তোমার রিসালাতের প্রতি ঈমান আনেনি তাকে সতর্ক কর। আর তোমার পালনকর্তা অর্থাৎ তোমার ইবাদতের যোগ্য আল্লাহর , বড়ত্বের ঘোষণা দাও , অর্থাৎ তার প্রশংসা ও বড়ত্ব বর্ণনা করো। আর তোমার কাপড়গুলো অর্থাৎ তোমার বস্ত্রসমূহকে , পরিষ্কার করো অর্থাৎ নাপাক থেকে মুক্ত করো এবং নাপাককে অর্থাৎ প্রতিমা পূজা ও মূর্তি আরাধনার মতো জঘন্য কাজকে, ত্যাগ করো অর্থাৎ তা থেকে দূরে থাকো। এরপর ওহী শক্তিশালী হয় এবং বৃদ্ধি পায়।

http://sunnah.global/hadeeth/bn/show/66304